গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক

সচিবালয়: বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স

কার্যক্রম পরিচালনায়: BILS-Policy Support and Campaign for Workplace Safety & Livelihoods Security for Workers

(শ্রমজীবী মানুষের জীবন ও জীবিকার নিরাপত্তার জন্য ক্যাম্পেইন)

সহযোগীতায় : মানুষের জন্য ফাউন্ডেশন

ভূমিকা:

বিল্‌স ২০০৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট এর সহায়তায় **‘গৃহ শ্রমিকদের জীবনযাপন প্রক্রিয়া ও প্রাপ্ত সুযোগ সুবিধা: একটি সামাজিক গবেষণা** পরিচালনা করে। উক্ত গবেষণা প্রতিবেদনের উপর মত বিনিময়ের জন্য জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশনসহ মানবাধিকার সংগঠনসমূহকে নিয়ে বিল্‌স একটি কর্মশালার আয়োজন করে। কর্মশালার সুপারিশ অনুযায়ী ২৩টি সংগঠন (জাতীয় ট্রেড ইউনিয়নসমূহ এবং মানবাধিকার সংগঠন) নিয়ে **“গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক”** ডিসেম্বর ২০০৬ সালে যাত্রা শুরু করে। বিল্‌স এই নেটওয়ার্কের সচিবালয় হিসেবে কাজ করে যাচ্ছে।

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর উদ্যোগে জানুয়ারি ২০১৪ থেকে ডিসেম্বর ২০১৪ ইং পর্যন্ত যেসব কর্মসূচী পরিচালিত হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য কর্মসূচী নিম্নে তুলে ধরা হলো:

১. মানববন্ধন, র‌্যালি ও সমাবেশ কর্মসূচী:

- ঢাকার বারিধারায় গৃহশ্রমিক বিবি হালিমা (১৫) ও ধানমন্ডিতে নুরজাহান বেগম (৫৫) হত্যা এবং ময়মনসিংহে বেদেনা আক্তার (২৬) এর উপর নির্যাতন সহ সারাদেশে গৃহশ্রমিক নির্যাতন ও হত্যার প্রতিটি ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার এবং নির্যাতনকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে ২১ মে ২০১৪, জাতীয় প্রেসক্লাবের সামনে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর পক্ষ থেকে একটি মানববন্ধন অনুষ্ঠিত হয়।

- মহান মে দিবস উদযাপন উপলক্ষে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর পক্ষ থেকে গৃহশ্রমিক হত্যা, নির্যাতনের সকল ঘটনার বিচার,নির্যাতনকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি, গৃহশ্রমিক নিবন্ধন পরিদর্শন ব্যবস্থা চালু করার দাবী সমূহকে সামনে রেখে ০১ মে ২০১৪ জাতীয় প্রেস ক্লাব, ঢাকায় একটি সমাবেশ অনুষ্ঠিত হয়।
- আন্তজার্তিক গ্রহশ্রমিক দিবস উদযাপন উপলক্ষে ১৬ জুন ২০১৪ গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর পক্ষ থেকে জাতীয় প্রেসক্লাব এর সামনে একটি মানববন্ধন কর্মসূচী পালন করা হয়। জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়নের উপদেষ্টা জনাব আবুল হোসাইন এর পরিচালনায় মানববন্ধনে বক্তব্য রাখেন গৃহশ্রমিক নেটওয়ার্ক এর আহব্বায়ক জনাব সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ, মানবাধিকার সংগঠনের নেতৃবৃন্দ, নেটওয়ার্ক এর অন্তর্ভুক্ত ট্রেড ইউনিয়ন ফেডারেশনের নারী নেতৃবৃন্দ সহ নেটওয়ার্কভুক্ত সংগঠনসমূহের কর্মকর্তাবৃন্দ। অংশগ্রহণকারী বৃন্দের সক্রিয় অংশগ্রহণে একটি র‌্যালি জাতীয় প্রেসক্লাবের সামনে থেকে শুরু করে পল্টনে গিয়ে শেষ হয়।

- সম্প্রতি ঢাকার আদাবরে গৃহশ্রমিক মিতু (১৮), নয়াপল্টনে সোনিয়া (১৭), মহাখালীতে সালমা (১৭) হত্যা এবং খিলগাঁওয়ে তানিয়া (১১), ধানমন্ডিতে নিন্দবালা ত্রিপুরা (১৭) ও অঞ্জলি ত্রিপুরা (১৬) এর উপর নির্যাতন সহ সারাদেশে গৃহশ্রমিক হত্যা ও নির্যাতনের বিচার এবং অবিলম্বে আইন ও নীতিমালা প্রণয়নের দাবীতে ০৮ নভেম্বর বেলা ১১ টা - দুপুর ১২টা পর্যন্ত জাতীয় প্রেসক্লাবের সামনে যৌথভাবে মানববন্ধন কর্মসূচী আয়োজন করে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক, বাংলাদেশ শ্রম অধিকার ফোরাম ও জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়ন।

২. নেটওয়ার্ক কর্তৃক মতবিনিময় সভার আয়োজন:

- **“নেটওয়ার্ক এর এডভোকেসি কার্যক্রম বেগবান করার লক্ষ্যে ভবিষ্যৎ কর্মপরিকল্পনা ও কার্যক্রম”** গ্রহণ সম্পর্কে নেটওয়ার্কভূক্ত সংগঠন সমূহের নির্বাহী প্রধান ও নেতৃবৃন্দের পরামর্শ গ্রহণ করার জন্য একটি মতবিনিময় সভা ২৯ জানুয়ারি ২০১৪ নাগরিক উদ্যোগ অফিস কার্যলয়ে একটি মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন আইন ও সালিশ কেন্দ্রের নির্বাহী পরিচালক এ্যাডভোকেট সুলতানা কামাল, সঞ্চালকের দায়িত্ব পালন করেন নেটওয়ার্ক এর আহব্বায়ক ও বিল্‌স এর সহকারী নির্বাহী পরিচালক সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ, মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন বিল্‌স এর যুগ্ম মহাসচিব জাফরুল হাসান সহ নেটওয়ার্ক ভুক্ত সংগঠনসমূহের সিনিয়র প্রতিনিধি গণ।

- বর্তমান সময়ে গৃহশ্রমিকদের উপরে ঘটে যাওয়া বিভিন্ন নির্যাতন এর ধরণ এবং নেটওয়ার্ক এর পক্ষ থেকে করণীয় সমূহ নিয়ে ১৪ মে ২০১৪, বিল্‌স সেমিনার হল, ঢাকায়, গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্কের অন্যতম সংগঠন নারী মৈত্রী এর সাথে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় মোট উপস্থিত ছিলেন ১০ জন যার মধ্যে ০৬ জন নারী ও ০৪ জন পুরুষ।

- **“১২ জুন’২০১৪ বিশ্ব শিশু শ্রম প্রতিরোধ দিবস ও ১৬ জুন ২০১৪ আন্তজার্তিক গৃহশ্রমিক দিবস”** উদযাপন উপলক্ষে জাতীয় কনফারেন্স আয়োজন বিষয়ক একটি পরিকল্পনা সভা ১৯ মে ২০১৪, বিল্‌স সেমিনার হল, ঢাকায়, গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্কের অন্যতম সংগঠন নারী মৈত্রী এর সাথে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১২ জুন ২০১৪ বিশ্ব শিশু শ্রম প্রতিরোধ দিবস ও ১৬ জুন ২০১৪ আন্তজার্তিক গ্রহশ্রমিক দিবস’কে সামনে রেখে গৃহশ্রমিকদের আইনী সুরক্ষায় আনার ব্যবস্থা গ্রহণ,“গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতিমালা ২০১০” দ্রুত অনুমোদনের জন্য সরকারের গৃহীত পদক্ষেপ ও নেটওয়ার্ক এর সকল কার্যক্রম বিষয়াদির বিশ্লেষণের লক্ষ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে একটি জাতীয় কনফারেন্স আগামী ০৫ জুন ২০১৪ সিরডাপ মিলনায়তন, ঢাকায় আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

- **“বিশ্ব শিশু শ্রম প্রতিরোধ দিবস ২০১৪”** উদযাপন উপলক্ষে নারী মৈত্রীর উদ্যোগে নেটওয়ার্ক এর সহযোগীতায় ১২ জুন ২০১৪ শিশু গৃহশ্রমিকদের উপস্থিতিতে বাংলাদেশ শিল্পকলা একাডেমীতে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন নারী মৈত্রী এর নির্বাহী পরিচালক জনাব শাহীন আক্তার ডলি, মূল আলোচনায় বক্তব্য রাখেন বিল্‌স এর সহকারী নির্বাহী পরিচালক ও গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক সমন্বয়কারী জনাব সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ, অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাহাজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর অধ্যাপক জনাব ডঃ মুহম্মদ জাফর ইকবাল। উক্ত মতবিনিময় সভার আলোচনা পর্ব শেষে নারী মৈত্রী চাইল্ড ডমেস্টিক প্রকল্পের গৃহকর্মে নিয়োজিত শিশুদের অংশগ্রহণে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

- ২৯ সেপ্টেম্বর ২০১৪ গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক-এর একটি মতবিনিময় সভা বিল্‌স কার্যালয়, ধানমন্ডি, ঢাকায় অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন বিলস এর সহকারী নির্বাহী পরিচালক ও নেটওয়ার্কের সমন্বয়কারী জনাব সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ। উপস্থিত ছিলেন বিল্‌স-এসএসএন প্রকল্পের কো-অর্ডিনেটর ও নেটওয়ার্কের সদস্য সচিব নাজমা ইয়াসমিন, জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়ন এর উপদেষ্টা আবুল হোসাইন, বিল্‌স এর এডভোকেসি অফিসার এড. নজরুল ইসলাম, আন্তজার্তিক গৃহশ্রমিক অধিকার ফেডারেশন এশিয়া মহাদেশের কো-অর্ডিনেটর ফিস আইপি, বিল্‌স এর সহকারী প্রোগ্রাম অফিসার মো: সায়েদুজ্জামান প্রমুখ এবং গৃহশ্রমিক সংগঠিতকরণ কার্যক্রমে সম্পৃক্ত জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশনসমূহের প্রতিনিধিগণ।

- গত ৩০ নভেম্বর ২০১৪, বিল্‌স সেমিনার হলে ”গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতিমালা-২০১০” চূড়ান্তকরণ বিষয়ে একটি মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত সভায় গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতিমালার খসড়া বিষয়াদি সম্পর্কে নেটওয়ার্কভূক্ত সংগঠন সমূহের সদস্যদের পরামর্শ গ্রহণ করা হয় এবং উক্ত পরামর্শ ও সুপারিশের বিষয়াদি মন্ত্রণালয়ের নীতি নির্ধারণী পর্যায়ে পাঠানো হয়। সভায় সভাপতিত্ব করেন বিল্‌স এর সহকারী নির্বাহী পরিচালক ও গৃহশ্রমিক নেটওয়ার্ক এর সমন্বয়ক সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ, প্রজেক্ট কোঅর্ডিনেটর নাজমা ইয়াসমীন, নাগরিক উদ্যোগ এর প্রধান নির্বাহী মোঃ জাকির হোসেন সহ নেটওয়ার্কভূক্ত সংগঠন সমূহের নেতৃবৃন্দ।

- ১০ ডিসেম্বর ২০১৪ বিশ্ব মানবাধিকার দিবস উদযাপন উপলক্ষে সারাদেশে গৃহশ্রমিক হত্যা ও নির্যাতনের বিচার এবং অবিলম্বে আইন ও নীতিমালা প্রণয়নের দাবীতে ১০ ডিসেম্বর ২০১৪ সারাদিন ব্যাপি জাতীয় প্রেসক্লাবের সামনে গৃহশ্রমিকদের এক অনশন কর্মসূচী সম্পন্ন হয়। অনশন কর্মসূচীটি আয়োজন করে জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়ন। উক্ত কর্মসূচীতে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর অনেক নেতৃবৃন্দ সংহতি প্রকাশ করেন। জাতীয় গার্হস্থ্য নারী শ্রমিক ইউনিয়নের উপদেষ্টা শ্রমিক নেতা আবুল হোসাইন এর পরিচালনায় অনুষ্ঠিত এই অনশন কর্মসূচীতে ঢাকা শহরের বিভিন্ন এলাকা থেকে গৃহশ্রমিকগণ যোগদান করেন।

৩. গৃহশ্রমিক অধিকার সংক্রান্ত সভাঃ

নেটওয়ার্ক-এর অন্তর্ভুক্ত বিভিন্ন ট্রেড ইউনিয়ন সংগঠন গৃহশ্রমিকদের অধিকার সংক্রান্ত সভার আয়োজন করে। জুলাই ২০১৪ হতে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ঢাকা জেলার ৯ টি এলাকায় ৩১ টি সভা অনুষ্ঠিত হয়। সভাসমূহে মোট অংশগ্রহণকারী ছিলেন ৪৯৯ জন এর মধ্যে ৪৮৬ জন নারী ও ১৩ জন পুরুষ। উক্ত সভাসমূহে এলাকা ভিত্তিক গৃহশ্রমিক সংগঠিতকরণ, শ্রম আইন ২০০৬ এ গৃহশ্রমিকদের অন্তর্ভূক্তি ও আইএলও কনভেনশন ১৮৯ এর অনুসমর্থন সহ যেথানেই গৃহশ্রমিক নির্যাতন সেখানেই প্রতিবাদ বিষয়ক বিভিন্ন বিষয়ে সচেতনতা মূলক আলোচনা অনুষ্ঠিত হয়।

৪. 'গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতিমালা ২০১০: সংশ্লিষ্ট পক্ষসমূহের প্রত্যাশা ও ভূমিকা' জাতীয় কর্মশালাঃ

"গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতিমালা ২০১০: সংশ্লিষ্ট পক্ষসমূহের প্রত্যাশা ও ভূমিকা" শীর্ষক জাতীয় কর্মশালা 'বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ- বিল্‌স' এবং 'নারী মৈত্রী' এর যৌথ ব্যবস্থাপনায় ৫ জুন, ২০১৪ সিরডাপ মিলনায়তন, ঢাকায় আয়োজন করা হয়। কর্মশালাটির সভাপতিত্ব করেন বিল্‌স এর চেয়ারম্যান, জনাব মোঃ হাবিবুর রহমান সিরাজ। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের, মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মুজিবুল হক এমপি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মানুষের জন্য ফাউন্ডেশনের, নির্বাহী পরিচালক, শাহীন আনাম ও প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশের ফিল্ড অপারেশন, ডিরেক্টর, জনাব দেবাশীষ সাহা। অনুষ্ঠানটির সঞ্চালনার দায়িত্বে ছিলেন বিল্‌স এর সহকারী নির্বাহী পরিচালক ও গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্কের সমন্বয়কারী, জনাব সৈয়দ সুলতান উদ্দিন আহম্মদ।